

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৩.১০৭.১৭-৪১১

তারিখঃ ১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ এনএটিপি-২ প্রকল্পের সিআইজি প্রশিক্ষণের তথ্য মৎস্য অধিদপ্তরের ডাটাবেইজে আপলোড করা প্রসংগে।
সূত্রঃ পিআইইউ, এনএটিপি-২ মৎস্য অধিদপ্তর অংগের ০২/০৫/২০১৭ তারিখের সিআইজি প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট(এনএটিপি-২) প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত এলাকায় ২০১৬-২০১৭ অর্থ বছরে সিআইজি সদস্যদের ০১(এক) দিনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। মৎস্য অধিদপ্তরের ডাটাবেইজ পর্যালোচনাপূর্বক দেখা যায় যে, ২৭০ টি উপজেলার বিপরীতে ১১৭ টি উপজেলার সিআইজি প্রশিক্ষণের তথ্য আপলোড করা হয়েছে। সূত্রস্থ পত্রের মাধ্যমে প্রশিক্ষণ বাস্তবায়ন নির্দেশনা প্রদান করা হলেও পরিতাপের সাথে লক্ষ্যনীয় যে ১১৭ টি উপজেলার মধ্যে কোন কোন উপজেলা আংশিক সিআইজি প্রশিক্ষণের তথ্য আপলোড করেছেন এবং বাকী ১৫৩ টি উপজেলা সিআইজি প্রশিক্ষণের কোন তথ্যই মৎস্য অধিদপ্তরের ডাটাবেইজে আপলোড করেননি যা অনাকাঙ্ক্ষিত।

এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব বিবেচনা করে সিআইজি প্রশিক্ষণের তথ্যাদি মৎস্য অধিদপ্তরের ডাটাবেইজে যথাশীঘ্র সম্ভব আপলোড করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।



(খঃ মাহবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

টেলিফোনঃ ০২-৪৭১২০১৮৩

AS.
১৭/১০/২০১৭

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা


.....

পত্র নং-৩৩.০২.০০০০.৯২০.৩৩.১০৭.১৭-৪১১

তারিখঃ ১৭ অক্টোবর ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বিভাগ,.....।
৩. জেলা মৎস্য কর্মকর্তা,।
৪. সংশ্লিষ্ট নথি।



পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

AS.
১৭/১০/২০১৭